

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫১২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. একজনে আযান ও আরেকজনে ইক্বামাত দেয়া

باب فِي الرَّجُلِ يُؤَذِّنُ وَيُقِيمُ آخَرُ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ خَالِدٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرِو، عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللهِ بْنِ زَيْدٍ، قَالَ أَرَادَ النَّبِيُّ صلى الله عليه وسلم في الأَذَانِ بْنِ عَبْدِ اللهِ بْنُ زَيْدٍ الأَذَانَ فِي الْمَنَامِ فَأَتَى النَّبِيُّ صلي أَشْيَاءَ لَمْ يَصِنْعُ مِنْهَا شَيْئًا قَالَ فَأُرِي عَبْدُ اللهِ بْنُ زَيْدٍ الأَذَانَ فِي الْمَنَامِ فَأَتَى النَّبِيُّ صلي الله عليه وسلم فَأَخْبَرَهُ فَقَالَ " أَلْقِهِ عَلَى بِلَالٍ " . فَأَلْقَاهُ عَلَيْهِ فَأَذَّنَ بِلَالٌ فَقَالَ عَبْدُ اللهِ أَنَا رُأَيْتُهُ وَأَنَا كُنْتُ أُريدُهُ قَالَ " فَأَقِمْ أَنْتَ " .

_ ضعیف

বাংলা

৫১২। 'আব্দুল্লাহ ইবনু যায়িদ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আযান প্রচলনের জন্য কয়েকটি বিষয়ের ইচ্ছা করেছিলেন। কিন্তু এর কোনটিই করেননি। অতঃপর 'আব্দুল্লাহ ইবনু যায়িদকে স্বপ্নে দেখানো হলো। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে স্বপ্নের কথা জানালে তিনি বললেনঃ বিলালকে শিখিয়ে দাও। তিনি বিলালকে শেখানোর পর বিলাল (রাঃ) আযান দিলেন। 'আবদুল্লাহ (রাঃ) বলেন, আমি স্বপ্নে আযান দেখেছি, সেজন্য আমিই আযান দিতে চেয়েছিলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আচ্ছা, তুমি ইকামাত(ইকামত/একামত) দাও।[1]

पूर्वल।

English

Narrated Abdullah ibn Zayd:



The Prophet (ﷺ) intended to do many things for calling (the people) to prayer, but he did not do any of them. Then Abdullah ibn Zayd was taught in a dream how to pronounce the call to prayer. He came to the Prophet (ﷺ) and informed him. He said: Teach it to Bilal. He then taught him, and Bilal made a call to prayer. Abdullah said: I saw it in a dream and I wished to pronounce it, but he (the Prophet) said: You should pronounce iqamah.

ফুটনোট

[1] আহমাদ (৯৪/৪২), দারাকুতনী (১/২৪৫) মুহাম্মাদ ইবনু 'আমর সূত্রে, এর সনদ দুর্বল। সনদে মুহাম্মাদ ইবনু 'আমর ওয়াকিফী আনসারী দুর্বল বর্ণনাকারী, যেমন 'আত-তাক্করীব' গ্রন্থে আছে। তাকে আরো দুর্বল বলেছেন, কাত্তান, ইবনু নুসাইর ও ইয়াহইয়া ইবনু মাঈন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন